

## জেলা প্রশাসকদের জন্য

## স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ঘোষণা করেছিলেন রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্য অর্জিত হবার পর আমাদের পরবর্তী গন্তব্য রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে আমরা জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভুক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হব।

স্মার্ট বাংলাদেশ-এর ৪টি স্তম্ভ হচ্ছে:

১। স্মার্ট সিটিজেন      ২। স্মার্ট সোসাইটি      ৩। স্মার্ট গভর্নমেন্ট      ৪। স্মার্ট ইকোনমি

এই ৪টি লক্ষ্য অর্জনে নিম্নের প্রযুক্তিসমূহ ব্যবহার করে মাঠ প্রশাসনের সেবার আওতা ও কার্যকারিতা বৃদ্ধি করা সম্ভব:

- আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স
- বিগ ডাটা এনালিটিকস্
- ক্লাউড কম্পিউটিং
- আইওটি
- রোবটিক্স
- এআর/ভিআর
- ব্লকচেইন
- ড্রোন
- বায়ো/ন্যানো টেকনোলজি
- সাইবার সিকিউরিটি

স্মার্ট বাংলাদেশ-এর অর্জিত লক্ষ্য অর্জনে নিম্নের ক্ষেত্রসমূহ নিয়ে কাজ করা যেতে পারে:

- স্মার্ট সিটি
- স্মার্ট ভিলেজ
- স্মার্ট শিক্ষা
- স্মার্ট স্বাস্থ্যসেবা
- স্মার্ট সামাজিক সুরক্ষা
- স্মার্ট কৃষি
- স্মার্ট ম্যানুফেকচারিং
- স্মার্ট সেবা খাত
- স্মার্ট প্রশাসন
- স্মার্ট ইউটিলিটি

স্মার্ট বাংলাদেশ গড়ার কাজকে ত্বরান্বিত করার লক্ষ্যে এটুআই ইনোভেশন ফান্ড জেলা প্রশাসকগণের জন্য আয়োজন করেছে স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২০। প্রতিযোগিতায় নিম্নের ধাপসমূহ অনুসরণ করে বিজয়ী নির্বাচন করা হবে:

- ১। জেলা-সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে কমপক্ষে ৪টি সভা করে বিদ্যমান সমস্যা ও কর্মক্ষেত্র নির্ধারণ
- ২। ১টি টেকনোলজি পার্টনার প্রতিষ্ঠান বা দল নির্বাচন এবং যৌথভাবে বাস্তবায়ন প্রস্তাব তৈরি
- ৩। challenge.gov.bd-তে প্রস্তাব জমাদান (২৬ জানুয়ারি - ২৫ এপ্রিল, ২০২০)
- ৪। প্রাথমিক বাছাই ও সংক্ষিপ্ত তালিকা প্রকাশ
- ৫। বুটক্যাম্প বা গ্রুপিং সেশন
- ৬। প্রস্তাবের কারিগরি মূল্যায়ন
- ৭। বিজয়ী নির্বাচন ও পুরস্কার বিতরণ

বিজয়ী এক বা একাধিক জেলা প্রশাসক পাবেন ১ কোটি টাকা পর্যন্ত সিড ফান্ড এবং পরিকল্পনা বাস্তবায়নে এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগ-এর পূর্ণ সহযোগিতা।

জেলার জনমুখী ও উচ্চ-প্রভাবযুক্ত সেবাসমূহ আধুনিকীকরণের মাধ্যমে বাংলাদেশের ১ম স্মার্ট জেলা তৈরিতে জেলা প্রশাসকগণ নিজেদের প্রস্তাবনা জমা দিন: challenge.gov.bd-এই ঠিকানায়।